দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 17 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 3



# শিক্ষাঙ্গন

## চরিত্র গঠনে শিক্ষা

চরিত্র একটি মহৎ গুণ। চরিত্রহীন ব্যক্তি পশুর সমান বা পশুর ন্যায়। একজন চরিত্রবান ব্যক্তি সমাজের সর্বস্তরের মানুষের নিকট সম্মানিত। আল্লাহপাকও এসব ব্যক্তির জন্য পুরস্কার ঘোষণা করেছেন। হাদীস শরীফে বর্ণিত হয়েছে, 'যার চরিত্র ভালো নয়, তার ঈমান নেই'। অন্যদিকে একজন অসৎ চরিত্র বা চরিত্রহীন ব্যক্তি যত বড় ধনী-ই হোন না কেন তিনি সমাজের কাছে কখনো শ্রদ্ধার পাত্র হতে পারেন না। অর্থাৎ স্পষ্টভাবে বলা যায়, চরিত্র মানুষের জন্য ভূষণস্বরূপ। এই বিশ্ব পরিমণ্ডলের বড় বড় মানুষ বা মহান ব্যক্তিত্বের মূলে যা লুকিয়ে রয়েছে তা হলো চরিত্র। অসৎ চরিত্রের অধিকারী ব্যক্তি জীবনে কখনো সমৃদ্ধির আশা করতে পারে না। এজন্য প্রয়োজন সৎ চরিত্র এবং সুস্থ মন-মানসিকতা।

জাতি গঠনে এর ভূমিকা অপরিসীম। আর এই চরিত্র নামের মহান বস্তুটি অর্জন করতে হলে দরকার শিক্ষা। শিক্ষা ব্যতিরেকে এর সঠিক অর্থ বা মূল্য কোন ক্রমেই উপলব্ধি করা যায় না। এজন্যই কথিত আছে— 'বিদ্যাহীন ব্যক্তি পশুর সমান'। এখন প্রশ্ন উঠতে পারে, তাহলে যাদের বিদ্যা নেই— তারা কি সকলেই অসৎ চরিত্রের অধিকারী ? না, তা নয়। তবে এটা ঠিক যে, একজন বিদ্যাহীন ব্যক্তির কাছে চরিত্রবান বা চরিত্রহীন— এ কথাগুলোর মর্মার্থ বোধগম্য না-ও হতে পারে। কিন্তু শিক্ষিত ব্যক্তির কাছে তা সুস্পষ্ট। একমাত্র শিক্ষার আলোর প্রতিফলন ঘটিয়েই চরিত্র সুন্দরভাবে গঠন করা সম্ভব।

আর এ মহৎ অভ্যাসটি আমাদের ছাত্রজীবন থেকেই প্চুর ত্যাগ-তিতিক্ষার মাধ্যমে অর্জন করতে হবে। এর জন্যে আমাদের হতে হবে আত্মসংযমী। তবেই আমাদের চরিত্র গঠনের মাধ্যমে সমাজ হয়ে উঠবে সুন্দর এবং পৃথিবী হবে মধুময়। তখনই আমরা বিশ্বের দরবারে একটি সমৃদ্ধশালী উন্নত জাতিরূপে পরিচিতি লাভ করতে পারবো।

পরিশেষে বলা যায়, সুশিক্ষাই চরিত্র গঠনে একমাত্র হাতিয়ার। সুশিক্ষার দ্বারাই সৎচরিত্র তথা সুন্দর, সুস্থ সমাজ গড়ে তোলা সম্ভব।

—আহমাদ আলী

## আলিম পরীক্ষার ফলাফল

আমরা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮৮ সালের আলিম (এইচএসসি) পরীক্ষার্থী। এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। কিন্তু দীর্ঘ ৪ মাস অতিবাহিত হওয়ার পরও আমাদের ফলাফল প্রকাশিত হচ্ছে না। এদিকে আগামী কিছু দিনের মধ্যে দেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির আহবান জানানো হবে। আলিম ক্লাসের অনেক ছাত্র-ছাত্রী কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার আশায় দিন গুনছে। তাই মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন অবিলম্বে আমাদের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হোক।

—মোঃ সমশুল আলম (সমশু),
ডাকঘর পূর্বজোয়ারা, চন্দনাইশ, চট্টগ্রাম।